# NDIS প্রি-অ্যাক্সেস প্যাক
## SSI স্থানীয় এলাকা সমন্বয়

SSI আপনাকে কীভাবে ন্যাশনাল ডিসেবিলিটি ইন্স্যুরেন্স স্কিমে (NDIS) এর অ্যাক্সেস পেতে পারেন সে সম্পর্কে সহায়তা করতে এই প্রি-অ্যাক্সেস প্যাকটি আপনাকে নির্দেশিকা প্রদান করবে। এটি আপনার স্থানীয় এলাকায় সম্প্রদায় এবং মূলধারার সংস্থানগুলির সাথে সংযোগ করতে SSI কীভাবে আপনাকে সহায়তা করতে পারে সেসব নিয়েও আলোচনা করবে।

## NDIS কী?

NDIS হল অস্ট্রেলিয়ার স্থায়ী প্রতিবন্ধী বা অক্ষম ব্যক্তিদের জন্য জাতীয় স্কিম বা কর্ম-পরিকল্পনা।

## স্থানীয় এলাকা সমন্বয়কারী (Local Area Coordinator) বলতে কি বোঝায়?

NSW-তে স্থানীয় এলাকা সমন্বয় পরিষেবা প্রদানের জন্য SSI ন্যাশনাল ডিসেবিলিটি ইন্স্যুরেন্স এজেন্সির (NDIA) সাথে অংশীদারিত্ব করেছে। আমরা 9 - 64 বছর বয়সী প্রতিবন্ধী ব্যক্তিদের তাদের লক্ষ্যে পৌঁছে দিতে, তাদের স্ব-স্থানীয় এলাকায় সহায়তার সাথে সংযোগ করতে এবং NDIS-এ পেতে সহায়তা করে থাকি।

## সম্প্রদায় উন্নয়ন কর্মকর্তা (Community Development Officer) বলতে কি বোঝায়?

SSI কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসাররা (CDO) সচেতনতা তৈরি এবং তথ্য আদান-প্রদানের মাধ্যমে সম্প্রদায় এবং মূলধারার সহায়তা এবং পরিষেবাগুলিতে অ্যাক্সেস বাড়াতে প্রতিবন্ধী ব্যক্তিদের এবং বৃহত্তর সম্প্রদায়ের সাথে কাজ করে থাকে। আমাদের কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসাররা অভ্যন্তরীণ এবং বহিরাগত স্টেকহোল্ডারদের সাথে অন্তর্ভুক্তি এবং কর্মসংস্থানের সুযোগ উন্নীত করার জন্য সহযোগিতা করে। কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসাররাও সম্প্রদায়ের মধ্যে চ্যালেঞ্জ এবং বাধাগুলি মোকাবেলার লক্ষ্যে প্রকল্পগুলির পরিকল্পনায় নেতৃত্ব দেন এবং অবদান রাখেন।

## NDIS তহবিল কি কি সমর্থন করে?

NDIS একটি সাধারণ জীবনযাপনের জন্য প্রয়োজনীয় সহায়তা ও পরিষেবার অ্যাক্সেস পেতে স্থায়ী ও উল্লেখযোগ্যভাবে অক্ষম ব্যক্তিদেরকে যুক্তিসঙ্গত ও অপরিহার্য তহবিল সরবরাহ করে।

## যোগ্যতা

NDIS-এর জন্য যোগ্য হওয়ার জন্য, আপনার অবশ্যই একটি প্রতিবন্ধকতা বা প্রতিবন্ধকতাগুলির সংমিশ্রণের কারণে সৃষ্ট একটি অক্ষমতা থাকতে হবে যা কিনা স্থায়ী এবং আপনার দৈনন্দিন জীবনযাত্রার উপর যথেষ্ট রকমের প্রভাব ফেলে। আবেদনের সময় আপনার বয়স অবশ্যই ৬৫ বছরের কম হতে হবে, অস্ট্রেলিয়ার নাগরিক হতে হবে, স্থায়ী ভিসা ধারণ করতে হবে বা সুরক্ষিত বিশেষ শ্রেণীর ভিসা ধারণ করতে হবে এবং অস্ট্রেলিয়ায় বসবাস করতে হবে।

## কিভাবে আবেদন করতে হবে?

SSI আপনাকে NDIS-এ অ্যাক্সেসের জন্য বুঝতে এবং আবেদন করতে সাহায্য করতে পারে।
আমরা আপনার লক্ষ্যগুলি নিয়ে আলোচনা করবো, আপনার বর্তমান সমর্থন নেটওয়ার্কগুলি দেখবো এবং অতিরিক্ত সম্প্রদায় এবং মূলধারার সমর্থনগুলি অন্বেষণ করতে আপনার সাথে কাজ করবো যা আপনি যেসবের সাথে সংযোগ করতে চাইবেন।

NDIS-এ অ্যাক্সেস পেতে আপনার কী কী প্রমাণের প্রয়োজন হতে পারে তা আমরা আপনার সাথে আলোচনা করবো। আপনার GP, সহযোগী স্বাস্থ্য পেশাদার এবং/অথবা বিশেষ চিকিৎসা পেশাদার আপনাকে প্রয়োজনীয় তথ্য এবং প্রমাণ প্রস্তুত এবং সরবরাহ করতে সহায়তা করতে পারেন।
এসব প্রমাণগুলি আপনার অক্ষমতার নির্ণয়ের সাথে সাথে এটি কীভাবে আপনার দৈনন্দিন জীবনকে প্রভাবিত করে তা নিশ্চিত করতে পারে এরকম হওয়া উচিত। যেমন, কিভাবে আপনার দৈনন্দিন জীবনে চলাফেরা/হাত পায়ের ব্যবহারের স্বাভাবিক দক্ষতা, যোগাযোগ, সামাজিক যোগাযোগ রক্ষা, শিক্ষা, স্ব-যত্ন, বা স্ব-ব্যবস্থাপনা এসবকে প্রভাবিত করতে পারে।

একজন লোকাল এরিয়া কো-অর্ডিনেটর (LAC) কমিউনিটি কানেকশন প্ল্যান নিয়ে আলোচনা করার জন্য আপনার সাথে একটি বৈঠকের ব্যবস্থা করবেন। কমিউনিটি কানেকশন প্ল্যানে আপনার জীবন, আপনার লক্ষ্য এবং আপনি কীভাবে সেগুলির জন্য কাজ করতে চান সে সম্পর্কে তথ্যাদি রেকর্ড করা থাকে। বিভিন্ন অনানুষ্ঠানিক, সম্প্রদায় এবং মূলধারার সহায়তা এবং পরিষেবাগুলি যা আপনাকে লক্ষ্যগুলির দিকে কাজ করতে সাহায্য করতে পারে সেগুলিও তালিকাভুক্ত করা হয়েছে যাতে আপনি কে কে আপনাকে সাহায্য করছে তার ট্র্যাক রাখতে পারেন।

আপনি আপনার স্বাস্থ্য পেশাদারের কাছ থেকে সমর্থনকারী প্রমাণ সংগ্রহ করার পরে, আপনার LAC আপনার দৈনন্দিন জীবন সম্পর্কে তথ্য সংগ্রহ করতে এবং কোন সহায়তাগুলি আপনার জন্য সহায়ক হতে পারে তা বোঝার জন্য আপনার সাথে একটি অ্যাক্সেস অনুরোধ বৈঠকের (Access Request Meeting) ব্যবস্থা করবে।

## আপনার যা যা প্রয়োজন হবে:

- পরিচয়ের প্রমাণ (বয়স এবং আবাসনের প্রমাণ সহ)। আপনি এই প্যাকে অন্তর্ভুক্ত আইডেন্টিটি ফ্যাক্ট শীট এর প্রমাণ উল্লেখ করতে পারেন।
- আপনার বিশেষজ্ঞ চিকিৎসকের কাছ থেকে আপনার অক্ষমতার স্থায়ীত্বের প্রমাণ। এটি আপনার দৈনন্দিন জীবনকে কীভাবে প্রভাবিত করে তাও এই প্রমাণে অন্তর্ভুক্ত করা উচিত।

- পেশাদার চিকিৎসকের উদাহরণগুলির মধ্যে রয়েছে:
  i. শিশু বিশেষজ্ঞ
  ii. মনোরোগ বিশেষজ্ঞ
  iii. মনোবিজ্ঞানী
  iv. অকুপেশনাল থেরাপিস্ট
  v. স্পিচ প্যাথলজিস্ট (থেরাপিস্ট)
  vi. ফিজিওথেরাপিস্ট
  vii. সাধারণ অনুশীলনকারী (GP)

**NDIS ওয়েবসাইট** দেখার জন্য QR কোড স্ক্যান করুন **"NDIS-এ আবেদন করা"** দেখার জন্য QR কোড স্ক্যান করুন:

## NDIA-তে কীভাবে আপনার প্রমাণাদি জমা দেবেন:

**ব্যাক্তিগতভাবে:** আপনি SSI LAC অফিস বা NDIA অফিসে ব্যক্তিগতভাবে আমাদের আপনার আসল পরিচয় নথি/ডকুমেন্ট দেখাতে পারেন। আমরা ন্যাশনাল ডকুমেন্ট ভেরিফিকেশন সার্ভিস (DVS) ব্যবহার করে আপনার ডকুমেন্টগুলো আসল কিনা তা যাচাই করে দেখব। আপনি যদি আমাদের DVS ব্যবহার করার জন্য আপনার সম্মতি না দেন, তাহলে আমাদের কাছে আপনার পরিচয় ডকুমেন্টগুলোর কপি পাঠাতে হবে। পরিচয় ডকুমেন্টগুলোর কপি এবং সহায়ক প্রমাণ নিম্নলিখিত উপায়ে পাঠানো যেতে পারে:

**ইমেইল:**

- **পরিচয়ের প্রমাণ** অবশ্যই পাঠাতে হবে: enquiries@ndis.gov.au
  স্ক্যানগুলি অবশ্যই পরিষ্কার এবং পড়তে সহজ এবং রঙিন হতে হবে। কার্ড বা নথির পিছনে তথ্য থাকলে এটিও স্ক্যান করতে হবে।
- পেশাদার স্বাস্থ্যকর্মীর রিপোর্ট সহ যেকোন সমর্থনকারী প্রমাণ সরাসরি আপনার LAC বরাবর ইমেইল করতে পারেন বা এখানে পাঠানো যেতে পারে: ssilac@ndis.gov.au

**ডাকযোগে:** GPO Box 700, Canberra, ACT 2601

## আমি কখন জানতে পারবো?

NDIS আপনাকে 21 কার্যদিবসের মধ্যে চিঠিপত্র পাঠিয়ে জানাবে আপনি যোগ্য কিনা বা পরবর্তী পদক্ষেপের সাথে অতিরিক্ত তথ্য প্রদানের প্রয়োজন হবে কিনা।

## আমি যদি NDIS এর জন্য যোগ্য না হই তাহলে কি হবে?

আপনার স্থানীয় এলাকার মধ্যে উপলব্ধ অন্যান্য পরিষেবাগুলি অন্বেষণ করতে পারেন এবং তাদের সাথে যুক্ত হতে SSI আপনার সাথে কাজ করবে যা আপনাকে আপনার লক্ষ্যগুলির দিকে কাজ করতে সহায়তা করতে পারে। আপনার কমিউনিটি কানেকশন প্ল্যানে লক্ষ্য অর্জনের জন্য আপনি কী পদক্ষেপ নিতে চান তা চিহ্নিত করতে আমরা আপনার সাথে কাজ করবো। আপনি আমাদের ওয়েবসাইটে আমাদের

"আপনার গল্প “(Your stories)" পৃষ্ঠায় গিয়ে সম্প্রদায় এবং মূলধারার পরিষেবাগুলির সাথে সংযোগ স্থাপনের জন্য SSI কীভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের সমর্থন করেছে সে সম্পর্কে আরও জানতে পারেন।

আমাদের ওয়েবপেইজ অ্যাক্সেস করতে QR কোড স্ক্যান করুন
**Your Stories webpage:**

# ক্রাইসিস সাপোর্টস্ বা সংকটকালীন সমর্থন

## জরুরী সেবা:

- আপনি যদি কোনো জরুরি অবস্থার সম্মুখীন হন, পুলিশ, অ্যাম্বুলেন্স বা ফায়ার সার্ভিসের জন্য ট্রিপল জিরো **(000)** বা TTY **(106)** ফোন করুন।

- **অপেক্ষাকৃত কম-জরুরীতে পুলিশ সহায়তা লাইন (Police Assistance Line)**

  জরুরী অবস্থা ছাড়া পুলিশের সাথে যোগাযোগ করতে 131 444 নম্বরে কল করুন।

## মানসিক স্বাস্থ্য এবং ক্রাইসিস সাপোর্টস্ বা সংকটকালীন সমর্থন:

- **লাইফলাইন 24/7 ক্রাইসিস সাপোর্ট**

  ফোন করুন 13 11 14 বা টেক্সট করুন 0477 131 114

  অস্ট্রেলিয়ার যে কোন ব্যক্তিগত সংকটের সম্মুখীন হলে লাইফলাইনের (Lifeline) সাথে যোগাযোগ করতে পারেন। আপনি লাইফলাইন (Lifeline) এর ওয়েবসাইটে অনলাইনে একজন প্রশিক্ষিত ক্রাইসিস সাপোর্টারের সাথে চ্যাট করতে পারেন।www.lifeline.org.au

- **মানসিক স্বাস্থ্য লাইন NSW**

  ফোন 1800 011 511

  NSW's Health 24/7 ফোন পরিষেবা যা লোকেদের NSW Health মানসিক স্বাস্থ্য পরিষেবার সাথে যুক্ত করে।

- **আদিবাসী এবং টরেস স্ট্রেইট দ্বীপবাসী NSW মানসিক স্বাস্থ্য লাইন**

  ফোন 13YARN (13 92 76)

  NSW মেন্টাল হেলথ লাইন 24/7 উপলব্ধ সেসব ব্যক্তিদের জন্য যারা সাংস্কৃতিকভাবে নিরাপদ পরিষেবা প্রদান করে যারা আদিবাসী এবং টরেস স্ট্রেইট আইল্যান্ডার হিসেবে নিজের পরিচয় দেন।

- **আন্তঃসাংস্কৃতিক মানসিক স্বাস্থ্য লাইন (ট্রান্সকালচারাল মেন্টাল হেলথ লাইন)**

**ফোন**: 1800 648 911

ট্রান্সকালচারাল মেন্টাল হেলথ লাইন হল একটি টেলিফোন পরিষেবা যা NSW-তে বসবাসকারী এবং সাংস্কৃতিক ও ভাষাগতভাবে বিভিন্ন সম্প্রদায়ের লোকেদের সমর্থন করার জন্য উপলব্ধ।

লাইনটি **সোমবার থেকে শুক্রবার 9:00 am এবং 4:30 pm** এর মধ্যে চালু থাকে।

- **কিডস হেল্পলাইন (Kids Helpline)**

**ফোন** 1800 55 1800

অনলাইনে বাচ্চাদের জন্য 24/7 গোপনীয় সহায়তা এবং 5 থেকে 25 বছর বয়সী তরুণদের জন্য ফোন কাউন্সেলিং পরিষেবা।

## আবাসন সহায়তা বা হাউজিং সাপোর্ট:

- **লিঙ্ক 2 হোম**

**ফোন** 1800 152 152

প্রতিদিন সকাল **9টা থেকে রাত 10টা** পর্যন্ত Link2home NSW জুড়ে যেসকল গৃহহীন ব্যক্তি কল করেন তাদেরকে বাসস্থান পরিষেবাগুলির তথ্যাদি, মূল্যায়ন এবং রেফারেল প্রদান করে সহায়তা করে থাকে।

রাত **10টা থেকে সকাল 9টা** পর্যন্ত সময়ের মধ্যে লিঙ্ক 2 হোম শুধুমাত্র তথ্য এবং মূল্যায়ন প্রদান করে এবং প্রয়োজনে জরুরি পরিষেবাগুলির জন্য রেফারেলও করবে।

- **ডিপার্টমেন্ট অফ কমিউনিটিস্ এন্ড জাস্টিস (Department of Communities and Justice)**

**ফোন** 1800 422 322

NSW-তে গৃহহীনতার প্রতিক্রিয়া জানাতে এবং সকলের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন সক্ষম করতে হাউজিং সহায়তা পরিষেবাগুলির সাথে কাজ করে৷